
সংবাদ

AUG. 22 2006

তারিখ ... AUG. 22.2006

পৃঃ ১৪ কলাম ১




*বাংলাদেশ বিজ্ঞান একাডেমি আয়োজিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান পরীক্ষণ সমস্যা ও সম্ভাবনা শীর্ষক শিক্ষা কর্মশালায় বক্তব্য রাখছেন বিজ্ঞান একাডেমির প্রেসিডেন্ট প্রফেসর ড. এম শমশের আলী*

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান পরীক্ষা সমস্যা ও সম্ভাবনা শীর্ষক কর্মশালা

বাংলাদেশ বিজ্ঞান একাডেমী গত শুক্র ও শনিবার পরমাণু শক্তি কেন্দ্রের অডিটোরিয়ামে দু'দিন ব্যাপী 'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান পরীক্ষণ সমস্যা ও সম্ভাবনা'র ওপর এক শিক্ষা কর্মশালার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন বিজ্ঞা্ন একাডেমির প্রেসিডেন্ট, বিশিষ্ট বিজ্ঞানী, শিক্ষাবিদ ও সাউথইস্ট ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. এম. শমশের-আলী। বিজ্ঞান একাডেমির ফেলোবৃন্দ ও সারা বাংলাদেশের নির্বাচিত স্কুল ও কলেজের বিজ্ঞান শিক্ষক, শিক্ষাবিদ, বিজ্ঞানী, বিশ্ববিদ্যালয় এবং গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠান থেকে শিক্ষক ও গবেষকবৃন্দ এ কর্মশালায় অংশ নেন। বক্তারা বলেন, বাংলাদেশের শিক্ষার্থীদের বিজ্ঞান ও আধুনিক প্রযুক্তি জ্ঞানের প্রশিক্ষণ ও উৎকর্ষতার মাধ্যমে জনসম্পদে পরিণত করা সম্ভব। এজন্য সরকারকে গ্রামগঞ্জের স্কুল-কলেজগুলোতে ভাল বিজ্ঞানের শিক্ষক, বিজ্ঞান শিক্ষার যন্ত্রপাতি ও ল্যাবরেটরি নিশ্চিত করতে হবে। প্রফেসর ড. এম. শমশের আলী তার বক্তৃতায় বলেন, বিজ্ঞান শিক্ষাকে চক অ্যান্ড টকের মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না, এটাকে বাস্তবমুখী ও এক্সপেরিমেন্টালমুখী করতে হবে।

দু'দিনব্যাপী কর্মশালায় স্কুল ও কলেজগুলোতে বিজ্ঞান শিক্ষা ও পরীক্ষার বর্তমান পরিস্থিতি পর্যালোচনা-পূর্বক প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশমালা তৈরি করা হয় এবং বিজ্ঞান শিক্ষাকে জনপ্রিয় করে তোলার জন্য দেশের প্রতিটি স্কুল ও কলেজের বিজ্ঞানাগারকে যথাসম্ভব দেশীয় মালমসলা দিয়ে তৈরি যন্ত্রপাতি ও কেমিক্যাল দিয়ে সাজানোর ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়। সংবাদ বিজ্ঞপ্তি।